# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 21 April, 2025

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে আজ সোমবার প্রতিবেদন জমা দিয়েছে শ্রম বিষয়ক সংস্কার কমিশন।এদিন দুপুর ১২টায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় কমিশনের সদস্যরা এ প্রতিবেদন জমা দেন।

প্রধান উপদেষ্টার ডেপুটি প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক স্ট্যাটাসে এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেছেন, 'শ্রমবিষয়ক সংস্কার কমিশনের প্রতিবেদনে অনেকগুলো সুপারিশ আছে।তার মধ্যে আমার যেটি বেশি পছন্দ হয়েছে তা হলো- কর্মপরিবেশে শ্রেণিক্ষমতায় তুই-তুমি সম্বোধন চর্চা বন্ধ করা।'

এর আগে গত নভেম্বরে বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদকে প্রধান করে শ্রম সংস্কার কমিশন গঠন করা হয়।কমিশনকে ৯০ দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছিল। তবে কমিশন একাধিকবার সময় বাড়িয়ে নিয়ে আজ তাদের প্রতিবেদন জমা দিয়েছে।

১৯ সদস্যের এই কমিশনে সদস্য হিসেবে আছেন- সাবেক সচিব মাহফুজুল হক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজের অধ্যাপক জাকির হোসেন, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের (টিইউসি) চট্টগ্রাম বিভাগীয় কমিটির সভাপতি তপন দত্ত, বাংলাদেশ লেবার কোর্ট বার অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি এ কে এম নাসিম, বাংলাদেশ এমপ্লয়ার্স

ফেডারেশনের (বিইএফ) সাবেক সভাপতি কামরান টি রহমান, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘের সভাপতি চৌধুরী আশিকুল আলম, বাংলাদেশ লেবার ফেডারেশনের সাধারণ সম্পাদক সাকিল আখতার চৌধুরী, গার্মেন্ট শ্রমিক সংহতির সভাপ্রধান তাসলিমা আখতার প্রমুখ।

প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস সংস্কার কমিশন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:03

URL: https://www.timestodaybd.com/bangladesh/1182775807